

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণগ্রন্থাগার অধিদপ্তর
রমনা, ঢাকা।
www.publiclibrary.gov.bd

নং- ৪৩.২৬.০০০০.০০১.৩৫.২০৯.৯৮-৩০৭৭


তারিখ: ১৫/০২/২৬

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু, আপনি জনাব মোহাম্মদ হামিদুর রহমান, প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা গত ০৩/০২/২০২৬ তারিখে নং-বাগ্রস/মন্ত্রণালয়-১/২০১২ সংখ্যক স্মারকে আপনার বদলির নিমিত্ত বাংলাদেশ গ্রন্থাগার সমিতির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত পত্র প্রেরণ করেছেন। উক্ত পত্রটি 'তদবির' হিসেবে প্রতীয়মান হয়।

যেহেতু, আপনার উপরোক্ত আচরণ একজন সরকারি কর্মকর্তার জন্য অশোভনীয় আচরণ এবং সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী, যা সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) মোতাবেক 'অসদাচরণ' হিসেবে গণ্য।

সেহেতু, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধি, ২০১৮-এর ৩ (খ) মোতাবেক অসদাচরণ এর দায়ে অভিযুক্ত করে উক্ত বিধির আলোকে কেন আপনাকে যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত নোটিশ প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সন্তোষজনক জবাব দেয়ার নির্দেশ দেয়া হলো।



(মনীষ চাকমা)

মহাপরিচালক

গণগ্রন্থাগার অধিদপ্তর

dg.dpl.2012@gmail.com

মোহাম্মদ হামিদুর রহমান
প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, খুলনা।

নং- ৪৩.২৬.০০০০.০০১.৩৫.২০৯.৯৮-৩০৭৭

তারিখ: ১৫/০২/২৬

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।

২। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।

৩। অফিস কপি।



(মোঃ হারুন রশিদ)

সহকারী পরিচালক

(প্রশাসন -২)

harunorrashid.cpl@gmail.com